► রোমীয় রোমীয় ১২:১-২ পড়ুন এবং অধ্যয়নের জন্য গুরুত্বপূর্ণ শব্দগুলিকে গোলাকারভাবে চিহ্নিত করুন। শব্দটির পাশে, আপনার শব্দটি নির্বাচন করার কারণটি লিখুন:

১ = উল্লেখযোগ্য শব্দ
২ = পুনরাবৃত্ত শব্দ
৩ = বাক্যালংকার
৪ = অস্পষ্ট বা কঠিন শব্দ

অতএব, ভাইবোনেরা, ঈশ্বরের বহুবিধ করুণার পরিপ্রেক্ষিতে, আমি তোমাদের কাছে মিনতি করছি,

তোমরা তোমাদের শরীরকে জীবন্ত বলিরূপে, পবিত্র ও ঈশ্বরের গ্রহণযোগ্যরূপে উৎসর্গ করো—তাই হবে

তোমাদের যুক্তিসংগত বা আত্মিক আরাধনা। আর তোমরা এই জগতের রীতি অনুযায়ী জীবনযাপন করো না, কিন্তু

তোমাদের মনের নতুনীকরণের দ্বারা রূপান্তরিত হও। তখন তোমরা ঈশ্বরের ইচ্ছাকে যাচাই ও অনুমোদন

করতে পারবে, যা উৎকৃষ্ট, প্রীতিজনক ও সিদ্ধ।

যে শব্দগুলি আপনি সম্ভবত চিহ্নিত করেছেন, সেগুলি হল:

১ = উল্লেখযোগ্য শব্দ: মিনতি, উৎসর্গ, অনুযায়ী [অনুরূপ], রূপান্তরিত, নতুনীকরণ
২ = পুনরাবৃত্ত শব্দ: এই অনুচ্ছেদে একটিও নেই
৩ = বাক্যালংকার: জীবন্ত বলি
৪ = অস্পষ্ট বা কঠিন শব্দ: আত্মিক আরাধনা